

পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর
(পঞ্চায়েত শাখা)
জেশপ্ বিল্ডিং
৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা-৭০০০০১

নং : ৪১৩/পি.এন/৩/১/৪পি-৫/০৩ (অংশ-১)।

তাং : ০২/০২/২০০৯

পরিপত্র

সারা ভারতে জন্ম-মৃত্যু নিবন্ধীকরণ অভিন্ন ও আবশ্যিক করার জন্য ১৯৬৯ সালে জন্ম-মৃত্যু নিবন্ধন আইন বলবৎ করা হয়েছে এবং ঐ আইন মোতাবেক পশ্চিমবঙ্গ জন্ম-মৃত্যু নিবন্ধন নিয়মাবলী, ২০০০ প্রজ্ঞাপন নং এইচ.এন্ড.এফ.ডব্লু/৭৭৯/১৩-৭/২০০০ দ্বারা ২০/০৯/২০০০ থেকে সারা রাজ্যে কার্যকর করা হয়েছে। ঐ আইন ও প্রজ্ঞাপন অনুসারে বিভাগীয় আদেশনামা নং ৪২৩১/পি.এন/৩/এক/৪পি-৫/০৩ তাং ১২/১১/০৩ দ্বারা গ্রাম পঞ্চায়েত এলাকায় জন্ম-মৃত্যু নিবন্ধীকরণ আবশ্যিক করার জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছিল।

উপরোক্ত আদেশনামার সাথে নিম্নলিখিত বিষয় সংযোজন করা হল :

“গ্রামীণ এলাকায় অবস্থিত চিকিৎসা কেন্দ্র সমূহের প্রধান, ঐ কেন্দ্রে কোন জন্ম বা মৃত্যু ঘটায় ২১ (একুশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধানকে এই সংক্রান্ত তথ্য প্রেরণ করবেন। এই তথ্যের ভিত্তিতে প্রধান তথা অপর নিবন্ধক জন্ম-মৃত্যু সংক্রান্ত শংসা পত্র প্রদান করবেন”।

রাজ্যপালের আদেশানুসারে,

স্বাঃ মানবেন্দ্র নাথ রায়
প্রধান সচিব
পশ্চিমবঙ্গ সরকার

নং : ৪১৩/১(৫০০)/পি.এন/৩/১/৪পি-৫/০৩ (অংশ-১)।

তাং : ০২/০২/২০০৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রতিলিপি প্রেরিত হ'ল :-

- ১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ।
- ২) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ।
- ৩) অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, পশ্চিমবঙ্গ।
- ৪) অধিকর্তা, রাজ্য স্বাস্থ্য উপদেষ্টা সংস্থা এবং উপমুখ্য জন্মমৃত্যু নিবন্ধক, পশ্চিমবঙ্গ।
প্রসঙ্গঃ তাঁর ২৩/০৯/২০০৮ এর এস.বি.এইচ/ওয়ান-ওয়ান/২০০৮/২৪৮৫ নং পত্র।
- ৫) জেলাশাসক, জেলা।
- ৬) মুখ্য স্বাস্থ্য আধিকারিক, জেলা।
- ৭) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, জেলা।
- ৮) মহকুমা শাসক, মহকুমা।
- ৯) ব্লক উন্নয়ন আধিকারিক, ব্লক।
- ১০) ব্লক স্বাস্থ্য আধিকারিক, ব্লক।
- ১১) একান্ত সচিব, ভারপ্রাপ্ত মন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ।
- ১২) একান্ত সচিব, রাষ্ট্রমন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ।
- ১৩) প্রধান গ্রাম পঞ্চায়েত জেলা।

বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক
ও পদাধিকারবলে উপসচিব
পশ্চিমবঙ্গ সরকার।